ই - সংবাদ

উত্তর ঘিলাতলী ও আর এস পাড়ায় নানা উন্নয়ন কাজ

তেলিয়ামুড়া, ১২ সেপ্টেম্বর ।। কল্যাণপুর ব্লকের উত্তর ঘিলাতলী এ ডি সি ভিলেজে পঞ্চায়েত উন্নয়ন তহবিলে পানীয় জলের সুবিধার্থে ৭টি স্থানে অর্ডিনারী হ্যান্ড পাম্প বসানো হয়েছে । এতে ব্যয় হয়েছে ৮১ হাজার ৯০০ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১৮২টি । এছাড়া, পি ডি এফের বরাদ্দ অর্থে এলাকার পতিচন্দ্র পাড়া থেকে সোনারাম পাড়া পর্যন্ত ২ কিঃমিঃ কাঁচা রাস্তা সংস্কার করা হয়েছে । এই কাজে ব্যয় হয়েছে ৩১ হাজার ৬৮৪ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১৮৪টি । সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

এদিকে, ব্লক এলাকার আর এস পাড়া এ ডি সি ভিলেজে এম জি এন রেগায় ২১টি জমি সমতলকরণ করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ১৮ লক্ষ ৪ হাজার ৩৪১ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১৮ হাজার ৯৭টি । এছাড়া, মৎস্য চাষের সুবিধার্থে পুকুর খনন করে দেওয়া হয়েছে ৯টি । এই কাজে ব্যয় হয়েছে ১৬ লক্ষ ৯৯ হাজার ৭৪৬ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১৬ হাজার ৫০০টি । সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

জিরানীয়ায় স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচি

জিরানীয়া, ১২ সেপ্টেম্বর ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ১৪-১৮ সেপ্টেম্বর মহকুমার ২২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবস আয়োজিত হবে । কর্মসূচি অনুযায়ী ১৪ সেপ্টেম্বর শিবির হবে বড়জলা বীণাপানির আনন্দমণি পাড়া, মজলিশপুর মধ্য রাণীরগাঁও, পশ্চিম নোয়াগাঁও, পশ্চিম রাধামোহনপুর এসরাই পাড়া, পশ্চিম বড়জলার রামদয়াল পাড়া এবং বিশ্রামবাড়ির কামানমোড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ১৫ সেপ্টেম্বর কইয়াচাঁদবাড়ি, মাধববাড়ির উত্তর কলোনী, পশ্চিম রাধামোহনপুরের কুঞ্জবিহারী পাড়া ও রামবাবু পাড়া, রাধামোহনপুরের দীননাথঠাকুর পাড়া, উত্তর জয়নগর ভিলেজের রজনীকান্ত পাড়া এবং শচীন্দ্রনগর কলোনী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। ১৬ সেপ্টেম্বর পশ্চিম নোয়াগাঁও দাস পাড়া, পশ্চিম রাধামোহনপুর বাঁশিকোবরা পাড়া, পূর্ব বড়জলার বিদ্যাসাগর কলোনী এবং শচীন্দ্রনগরের দুর্গাটিলা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ১৭ সেপ্টেম্বর জয়নগর অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ১৮ সেপ্টেম্বর রাধামোহনপুর ভিলেজের কিটিং কোবরা পাড়া, মজলিশপুরের গুরুকুল এবং মাধববাড়ির ধুন্দ্রাই কোবরা অঙ্গনওয়াড়ী কেন্দ্রে। সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে।

উদয়পুরে কিশোরী উৎকর্ষ বিষয়ক অনুষ্ঠান

উদয়পুর, ১২ সেপ্টেম্বর ।। উদয়পুর টাউন হলে কিশোরী উৎকর্ষ বিষয়ক জেলা ভিত্তিক এক অনুষ্ঠান সম্প্রতি আয়োজিত হয়। এর উদ্বোধন করেন গোমতী জেলার সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট সুধাংশু সরকার। অনুষ্ঠানে উদয়পুর, অমরপুর এবং করবুক মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের নবম থেকে একাদশ শ্রেণীর ১৭৫ জন ছাত্রী অংশ গ্রহণ করে। জেলাভিত্তিক এই অনুষ্ঠানের নির্বাচিত ২৫ জন ছাত্রী রাজ্য ভিত্তিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবে। এই অনুষ্ঠানে গোমতী জেলার জেলাশাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার, জেলা শিক্ষা আধিকারিক লক্ষ্মণ দাস, শিক্ষা দপ্তরের ও.এস.ডি পঞ্চপদ ত্রিপুরা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা টিংকু বিশ্বাস আলোচনায় অংশ গ্রহণ করেন।

পশ্চিম জেলায় তামাক জাতীয় দ্রব্য নিয়ন্ত্রণ কর্মসূচি

আগরতলা, ১২ সেপ্টেম্বর ।। জাতীয় তামাক জাতীয় দ্রব্য নিয়ন্ত্রণ কর্মসূচি উপলক্ষ্যে চলতি মাসে পশ্চিম জেলার বিভিন্ন বিদ্যালয় ও কলেজে তামাক জাতীয় দ্রব্য বর্জন ও নিয়ন্ত্রণের উপর সচেতনতা মূলক আলোচনা চক্র অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী আগামী ১৩ সেপ্টেম্বর হবে সলকা হলিক্রস ইংরেজী মাধ্যম বিদ্যালয় ও চাঁদপুর উচ্চ বিদ্যালয়ে, আগামী ১৬ সেপ্টেম্বর স্পোর্টস স্কুল, চারু ও কারুকলা মহাবিদ্যালয়, আগামী ১৮ সেপ্টেম্বর কুঞ্জবন কেন্দ্রীয় বিদ্যালয় এবং তালতলা উচ্চ বিদ্যালয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। পশ্চিম জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

পশ্চিম জলেফায় নানা উন্নয়ন কাজ

সাব্রুম, ১২ সেপ্টেম্বর ।। সাতচান্দ ব্লকের পশ্চিম জলেফা গ্রাম পঞ্চায়েতে এম জি এন রেগায় বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এরমধ্যে ৭৫ জন কৃষকের অনাবাদী জমি চাষ যোগ্য করে তোলা হয়। ৩ জন সুবিধাভোগীকে পুকুর খনন, ১টি পুকুর এবং ২৩টি সেচ নালা সংস্কার করা হয়। এছাড়া, চতুর্দ্দশ অর্থ কমিশনের প্রাপ্ত অর্থে ১০টি টিউবওয়েল বসানো হয়। পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ৭টি রাস্তা সংস্কার এবং ৯৭ জনকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়। এসব কাজে ব্যয় হয় ১১ লক্ষ ৬৮ হাজার টাকা। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ২০টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়। কৃষি দপ্তর থেকে ২৫০ জন কৃষককে ধান চাষে এবং ৪০ জনকে বিভিন্ন সব্জী চাষে সহায়তা করা হয়। সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

সিপাহীজলা জেলায় ভর্তুকীতে পাওয়ার টিলার

বিশ্রামগঞ্জ, ১১ সেপ্টেম্বর ।। কৃষি দপ্তরের উদ্যোগে জাতীয় খাদ্য সুরক্ষা মিশন প্রকল্পে সিপাহীজলা জেলার ৫টি ব্লকে ভর্তুকীতে একটি করে পাওয়ার টিলার দেওয়া হবে। স্প্রিঙ্কলার মেশিন একটি করে দেওয়া হবে বিশালগড় ও কাঁঠালিয়া ব্লকে। এছাড়া, বিভিন্ন ব্লকে ১১০টি পাম্প সেট দেওয়া হবে। ধান নিরাণী যন্ত্র দেওয়া হবে ১৯০টি। জেলা কৃষি কার্যালয়ের উপ অধিকর্তা নীলমোহন বিশ্বাস এ তথ্য জানিয়েছেন।

আমবাসায় বসে আঁকো প্রতিযোগিতা

আমবাসা, ১১ সেপ্টেম্বর ।। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে সম্প্রতি আমবাসা কালীবাড়ি নাট মন্ডপে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ৪টি বিভাগে আয়োজিত এই প্রতিযোগিতায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং বয়স্ক পড়ুয়া মিলিয়ে ১১৪ জন অংশ নেয়। এছাড়া, মহিলাদের মধ্যে অনুষ্ঠিত হয় মিউজিক্যাল বল প্রতিযোগিতা। ৩৯ জন প্রতিযোগী এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে। প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

কমলপুরে নাট্য উৎসব ও প্রতিযোগিতা অনুষ্ঠিত

কমলপুর, ১১ সেপ্টেম্বর ।। কমলপুর মহকুমায় স্কুল ভিত্তিক একাংক নাট্য উৎসব ও প্রতিযোগিতা গত ৯ সেপ্টেম্বর টাউনহলে অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং সায়ক নাট্য গোষ্ঠীর ব্যবস্থাপনায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিজয় লক্ষ্মী সিনহা। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, নাটক হল সমাজের দর্পণ। এরমধ্যে সমাজের সকল বাস্তবতা ফুটে উঠে। ছাত্রছাত্রীদের মধ্যে সামাজিকতা ও ভ্রাতৃত্ববোধ জাগিয়ে তোলার জন্যই রাজ্য সরকার এধরণের নাট্য উৎসবের আয়োজন করছে। এদিনের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্য, এস.ডি.পি.ও ড. চন্দন সাহা সহ বিশিষ্ট জনেরা। নাট্য উৎসবে মহকুমার ৬টি বিদ্যালয় অংশ গ্রহণ করে। এদের মধ্যে প্রথম স্থান অধিকার করে কমলপুর মাদ্রাসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় পরিবেশিত নাটক ভূত আঙ্কেল, দ্বিতীয় স্থান অধিকার করে নোয়াগাঁও উচ্চ বিদ্যালয়ের পেয়ারা বাগানে রাক্ষস এবং তৃতীয় স্থান অর্জন করে কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের নাটক অন্য মানুষ। উল্লেখ্য, প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী বিদ্যালয় ধলাই জেলা ভিত্তিক নাট্য উৎসবে অংশ গ্রহণ করবে।

রূপাইছড়ি ব্লকে বি এ ডি পিতে পরিকাঠামো উন্নয়ন

রূপাইছড়ি, ১১ সেপ্টেম্বর ।। রূপাইছড়ি ব্লক এলাকায় সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। এই প্রকল্পে ব্লক এলাকার রূপাইছড়িতে ১০টি মার্কেট স্টল, সোনাইচন্দ্র পাড়া এস.বি স্কুলে ৫টি অতিরিক্ত শ্রেণী কক্ষ, নতুন বাজারে মহিলাদের জন্য একটি সামাজিক শৌচালয় এবং বিষ্ণুপুরে হস্তাঁতাত কেন্দ্রের নির্মাণ কাজ চলছে। এছাড়া ব্লক এলাকার যুবক যুবতীদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দানের প্রক্রিয়াও শুরু হয়েছে। এসব কাজে উক্ত প্রকল্পর ব্যয় হবে ১ কোটি ৮ লক্ষ টাকা। সংশ্লিষ্ট ব্লক কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।

জিরানীয়ায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত

জিরানীয়া, ১১ সেপ্টেম্বর ।। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস জিরানীয়ায়ও উদযাপিত হয়। জিরানীয়া ব্লক এবং নগর পঞ্চায়েতের সাক্ষরতা সমিতির যৌথ উদ্যোগে আয়োজিত এই দিবসের সূচনা করেন বি ডি ও অরিন্দম দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রদীপ দেবনাথ। উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ ও ভাইস চেয়ারম্যান কালীপদ চক্রবর্ত্তী, জিরানীয়া নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন অনিতা দত্ত প্রমুখ। অনুষ্ঠান শেষে একটি বর্ণাঢ্য র‍্যালী ব্লকের বিভিন্ন এলাকা পরিক্রমা করে।

পোয়াংবাড়ি ব্লক এলাকায় শৌচালয় নির্মাণ কর্মসূচী

সাব্রুম, ১১ সেপ্টেম্বর ।। পোয়াংবাড়ি ব্লকের ১০৬৬টি পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হচ্ছে। সুবিধাভোগীদের মধ্যে ৯৫২টি বি পি এল পরিবার এবং ১১৪টি এ পি এল পরিবার রয়েছে। ইতিমধ্যে ৩৩০টি পরিবারের শৌচালয় নির্মাণের কাজ শেষ হয়েছে। ৪০৭টি পরিবারের শৌচালয় নির্মাণের কাজ চলছে। প্রতিটি শৌচালয় নির্মাণে এম জি এন রেগায় ব্যয় হচ্ছে ১২ হাজার টাকা। গত বৎসর ব্লকের ৪৮৮টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। পোয়াংবাড়ি ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।

১৫ সেপ্টেম্বর মোহনভোগ ব্লক কার্যালয় ও মোহনভোগ উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন

বিশ্রামগঞ্জ, ১১ সেপ্টেম্বর ।। মুখ্যমন্ত্রী মানিক সরকার আগামী ১৫ সেপ্টেম্বর বিকালে মোহনভোগ ব্লক কার্যালয় ও মোহনভোগ উচ্চ বিদ্যালয়ের নব নির্মিত ভবনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী সহিদ চৌধুরী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য পরিক্ষীৎ মুড়াসিং, বিধায়ক শ্যামল চক্রবর্তী, বিধায়ক তপন চন্দ্র দাস, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দিন আহমেদ, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন সুরেশ দাস, মোহনভোগ বি এ সিঞ্চর চেয়ারম্যান কুঞ্জলীলা মুড়াসিং, সিপাহীজলার জেলাশাসক প্রদীপ কুমার চক্রবর্তী প্রমুখ। সভাপতিত্ব করবেন মোহনভোগ পঞ্চায়েত সমিতির ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রদীপ দেবনাথ।

বিশালগড়ে রক্তদান শিবির ১৩ সেপ্টেম্বর

বিশালগড়, ১১ সেপ্টেম্বর ।। আগামী ১৩ সেপ্টেম্বর সকাল ৯টায় বিশালগড় পঞ্চায়েত সমিতির হলে বিশালগড় ব্লক সাক্ষরতা সমিতির উদ্যোগে রক্তদান শিবির অনুষ্ঠিত হবে। এই শিবিরের উদ্বোধন করবেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিপাহীজলার জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী। বিশেষ অতিথি হিসেবে বিশালগড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপক পাল এবং মহকুমা শাসক নান্টু রঞ্জন দাস উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুলন সরকার (হাজারী)।

চালিতা বনকুলে সাংস্কৃতিক কর্মশালা

রূপাইছড়ি, ১১ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রূপাইছড়ি ব্লকের চালিতা বনকুল উচ্চ বিদ্যালয়ে আয়োজিত ৭ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা সম্প্রতি শেষ হয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

এদিকে, অনুরূপ সাংস্কৃতিক কর্মশালা সাতচাঁদ ব্লকের দশরথ দেব স্মৃতি আবাসিক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গত ৫ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে । বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপন ত্রিপুরা কর্মশালার উদ্বোধন করেন । সাংস্কৃতিক কর্মশালায় ৪০ জন ছাত্র-ছাত্রীকে সঙ্গীত ও লেবাং বুমানি, মামিতা নৃত্যের উপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ।

কিল্লায় স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

উদয়পুর, ১১ সেপ্টেম্বর ।। কিল্লা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে চলতি মাসে কিল্লার বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী ১২ সেপ্টেম্বর শিবির হবে ছোট গোংরাই, ১৫ সেপ্টেম্বর রাইয়া মলসুমবাড়ি, খরাসিং ও থুমবাড়িতে, ১৯ সেপ্টেম্বর লাইলাক ১নং, ২২ সেপ্টেম্বর চাম্পারাই, ২৬ সেপ্টেম্বর শিবির হবে দার্জিলিং ও নকলিবাড়িতে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে চিকিৎসার সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে।

উত্তর জেলায় উদযাপিত আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

ধর্মনগর, ০৯ সেপ্টেম্বর ।। আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে উত্তর জেলার মূল অনুষ্ঠান আয়োজিত হয় যুবরাজনগর ব্লকের চিন্তা লোহার সদন কমিউনিটি হলে । জেলা সাক্ষরতা সমিতি, ধর্মনগর পুরপরিষদ, কালাছড়া ও যুবরাজনগর ব্লকের যৌথ ব্যবস্থাপনায় গতকাল এই দিবসটি উদযাপিত হয় । অনুষ্ঠানের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ ।

প্রধান অতিথির ভাষণে মন্ত্রী বিজিতা নাথ বলেন, সাক্ষরতা কর্মসূচীর ধারাবাহিক কাজকর্মের ফলে ত্রিপুরা সারা দেশের মধ্যে সাক্ষরতায় প্রথম স্থান অর্জন করেছে । তিনি বলেন, ১০০ শতাংশ সাক্ষরতা অর্জন করে আমাদের লক্ষ্য নিরক্ষর মুক্ত ত্রিপুরা গড়া । একাজে তিনি সকলের আরও সহযোগিতা চেয়েছেন । উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস বলেন, নব সাক্ষর ও নব পড়ুয়াদের স্বাবলম্বী করে তুলতে সরকার থেকে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে । পরে তাদের বিভিন্ন ব্যবসা-বাণিজ্যে সহায়তা দেওয়ার কাজ জারি রয়েছে । অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সমীরণ দাস, উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক শরদিন্দু চৌধুরী । স্বাগত ভাষণ দেন জেলা সাক্ষরতা সমিতির কো-অর্ডিনেটর সিদ্ধার্থ চক্রবর্তী । এদিন অনুষ্ঠানে নব পড়ুয়াদের মধ্যে ক্যুইজ ও লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের অতিথিগণ । দিনটি উদযাপনের অঙ্গ হিসেবে একটি শোভাযাত্রাও বের করা হয় ।

দক্ষিণ জেলায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

বিলোনীয়া, ৮ সেপ্টেম্বর ।। বিলোনীয়া টাউন হলে আজ জেলা ভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয় । পুর এলাকা সাক্ষরতা সমিতির সহযোগিতায় জেলা সাক্ষরতা সমিতি অনুষ্ঠানের আয়োজন করে । বিধানসভার মুখ্যসচেতক বাসুদেব মজুমদার প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের উদ্বোধন করেন । অনুষ্ঠানে সাক্ষরতার পতাকা উত্তোলন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায় । এর আগে দুপুর ২টায় এক বর্ণাঢ্য র‍্যালী শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে টাউন হলে এসে মিলিত হয় । এলাকার নব সাক্ষরগণ,সাক্ষরতা কর্মী এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা র‍্যালীতে অংশ গ্রহণ করে । টাউন হলের এই অনুষ্ঠানের উদ্বোধন করে বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার সংক্ষিপ্ত আলোচনায় রাজ্যের সাক্ষরতার সাফল্যকে আরও সংহত করে এই কাজকে এগিয়ে নিতে সংশ্লিষ্টদের আহ্বান জানান । এই কাজের সাথে যুক্তদের আরও দক্ষ করে তোলার উপরও তিনি গুরুত্ব আরোপ করেন। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাশু রায় নিরক্ষর মুক্ত এবং কুসংস্কার মুক্ত সমাজ গঠনের উপর জোর দিয়েছেন । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্র । উপস্থিত ছিলেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সুবল রায়, জেলা শাসক সি কে জমাতিয়া, অতিরিক্ত জেলা শাসক উত্তম মন্ডল প্রমুখ । অনুষ্ঠানে সাক্ষরোত্তর পর্বের তৃতীয় এবং চতুর্থ মানের পরীক্ষায় উত্তীর্ণ ৭ জন সফল পড়ুয়াকে পুরস্কৃত করা হয় । আজ জেলার ৮টি ব্লক, নগর পঞ্চায়েত, পুর পরিষদ এবং গ্রামস্তরেও আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয় ।

ধলাই জেলা ভিত্তিক সাক্ষরতা দিবস উদযাপিত

আমবাসা, ৮ সেপ্টেম্বর ।। ধলাই জেলায়ও মর্যাদার সাথে উদযাপিত হয়েছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। জেলা লোকশিক্ষা সমিতি, আমবাসা ব্লক লোকশিক্ষা সমিতি ও আমবাসা পুর এলাকা সাক্ষরতা সমিতির যৌথ উদ্যোগে আজ আমবাসা টাউন হলে এদিনটি উদযাপিত হয়। ধলাই জিলা পরিষদের সভাধিপতি পরিমল চন্দ্র দাস দিনটি উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বলেন, গোটা বিশ্বের সাথে তাল মিলিয়ে এই জেলাতেও আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হচ্ছে। উদ্দেশ্য একটাই দেশকে নিরক্ষর মুক্ত করা । তিনি বলেন, সাক্ষরতায় ত্রিপুরা দেশের প্রথম স্থানে রয়েছে । অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিধায়ক ললিত কুমার দেববর্মা আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের গুরুত্ব নিয়ে বিস্তৃত আলোচনা করেন । এছাড়া, বক্তব্য রাখেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক, ধলাই জিলা পরিষদের সহকারী সভাধিপতি নগেন্দ্র নম:শুদ্র, আমবাসা মহকুমা শাসক জে ভানলাল দোয়াতি। স্বাগত ভাষণ দেন ধলাই জেলার অতিরিক্ত জেলা শাসক দিলীপ কুমার চাকমা। এ উপলক্ষে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীও শিল্পীদের অংশ গ্রহণে আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ।

অনুষ্ঠানে গত ২০১৬ সালের ১৮ ডিসেম্বর প্রবহ মান শিক্ষার অধীনে সমতুল্য চুড়ান্ত মূল্যায়নে মেধার ভিত্তিতে আমবাসা পুর এলাকার এবং আমবাসা ব্লক এলাকার প্রথম মান, তৃতীয় মান এবং চতুর্থ মানে উত্তীর্ণ ১২জনের হাতে পুরস্কার তুলে দেন অতিথিগণ । অন্যদিকে, সকাল সাড়ে এগারোটায় আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রা আমবাসা মোটরস্ট্যান্ড থেকে শুরু হয়ে আমবাসা বাজার পরিক্রমা করে টাউন হলে এসে শেষ হয় ।

সিপাহীজলা জেলায় উদযাপিত আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

বিশ্রামগঞ্জ, ০৮সেপ্টেম্বর ।। বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস কমিউনিটি হলে আজ সিপাহীজলা সাক্ষরতা সমিতির উদ্যোগে জেলা ভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হয়। উদ্বোধন করেন অর্থ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন জেলা সাক্ষরতা সমিতির আহ্বায়ক তথা সিপাহীজলা জেলার এ ডি এম মানিক লাল দাস। সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখর উদ্দিন আহমেদ। উদ্বোধনী ভাষণে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা বলেন, শিক্ষা ছাড়া জ্ঞান ভান্ডার পূর্ণ হয়না। তাই রাজ্য সরকার শিক্ষার বিকাশে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। যারা সাক্ষরতার প্রথম ধাপ উত্তীর্ণ হয়েছেন তাদের ধারাবাহিক চর্চার উপরও জোর দেয়া হয়েছে। যারা এখনো নিরক্ষর রয়েছেন তাদের সাক্ষরতা কর্মসূচীতে এনে রাজ্যকে সম্পূর্ণ নিরক্ষর মুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি তিনি আহ্বান জানান। প্রসঙ্গক্রমে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী শ্রী সাহা বলেন, সাক্ষরতা কর্মী সহ সকল অংশের মানুষের সহযোগিতায় সাক্ষরতার ক্ষেত্রে ত্রিপুরা সারা দেশের মধ্যে শীর্ষে রয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা ও জেলা শাসক পি কে চক্রবর্তী। অনুষ্ঠানে ২০১৬ সালের সাক্ষরোত্তর পর্বের তৃতীয় মানের পরীক্ষায় উত্তীর্ণ ১০ জন এবং চতুর্থ মানের পরীক্ষায় উত্তীর্ণ ১০ জনকে পুরস্কৃত করা হয়।

খোয়াইয়ে জেলা ভিত্তিক বইমেলা শুরু

খোয়াই, ০৮ সেপ্টেম্বর ।। চারদিন ব্যাপী খোয়াই জেলা ভিত্তিক বইমেলা গতকাল শুরু হয়েছে। শিক্ষা দপ্তরের খোয়াই জেলা কার্যালয়ের উদ্যোগে খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই বইমেলার উদ্বোধন করেন বিধায়ক বিশ্বজিৎ দত্ত। উদ্বোধনী ভাষণে বিধায়ক শ্রী দত্ত জাতীয় সংহতি রক্ষায় লেখক, কবি সাহিত্যিকদের অগ্রণী ভূমিকা নেয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিধায়ক পদ্মকুমার দেববর্মা বলেন, এই বইমেলা জ্ঞানপিপাসুদের জন্য সহায়ক হবে। আগ্রহী পাঠকবর্গ এর মধ্য দিয়ে আরও উৎসাহিত হবেন। জেলা ভিত্তিক বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকার, সহকারী সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য। স্বাগত ভাষণ রাখেন উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীনেশ দেববর্মা। সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা সেনগুপ্ত। বই মেলায় ২৯টি স্টল খোলা হয়েছে। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান প্রকল্পে আয়োজিত জেলা ভিত্তিক এই বইমেলা চলবে আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত। বই মেলা প্রতিদিন দুপুর ২টা থেকে শুরু হয়ে রাত ৮টা পর্যন্ত চলবে।

বিলোনীয়ায় ভারত-বাংলাদেশ সীমান্তে চলাচলের উপর বিধি নিষেধ

আগরতলা, ০৮ সেপ্টেম্বর ।। জনগণের নিরাপত্তা ও সুরক্ষার জন্য দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। জেলা শাসকের এই আদেশে বলা হয়েছে মহকুমার বি ও পি নিদয়া থেকে বি ও পি কমলপুর এর বি ও পি নং- ২১০২/এম থেকে ২১৩৯/এম এলাকায় এই আদেশ আগামী ২৮ নভেম্বর, ২০১৭ পর্যন্ত বলবৎ থাকবে। আদেশে আরও বলা হয়েছে, স্থানীয় কর্তৃপক্ষের বৈধ অনুমতি ছাড়া সংশ্লিষ্ট এলাকায় রাত ১০টা থেকে পরের দিন ভোর ৫টা পর্যন্ত এই সময়কালে চার জনের বেশী মানুষ জড়ো হতে পারবে না। উল্লেখিত সময়ে বিলোনীয়া মহকুমা শাসকের বৈধ অনুমতি ছাড়া সংশ্লিষ্ট এলাকায় সাধারণ জনগণের চলাচলের উপরেও বিধি নিষেধ আরোপ করা হয়েছে। পুলিশ, নিরাপত্তারক্ষী এবং সরকারী কাজে নিয়োজিত কর্মচারীদের ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। এছাড়া, বিলোনীয়া মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকার উল্লেখিত বি পি-র বাইরে বসবাসকারী জনগণের ক্ষেত্রেও এই বিধিনিষেধ কার্যকর হবে না। এই আদেশ অমান্য করলে ভারতীয় দন্ড বিধির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে।

উদয়পুরে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত

উদয়পুর, ৮ সেপ্টেম্বর ।। গোমতী জেলা সাক্ষরতা সমিতি, উদয়পুর পুর এলাকা সাক্ষরতা সমিতি এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আজ উদয়পুর রাজর্ষি হলে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হয়। এর উদ্বোধন করেন অনুষ্ঠানের সভাপতি গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস। তিনি আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্য বিশ্লেষণ করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক অনিমেষ দাস শিক্ষাকে সব অংশের মানুষের কাছে পৌঁছে দিতে সকলের প্রতি আহ্বান জানান। যারা এখনো নিরক্ষর রয়েছেন তাদের সাক্ষর করে তোলার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রবেশনাল আই এ এস সোনাক্ষী সিং তোমর, শিক্ষা দপ্তরের উপ অধিকর্তা লক্ষণ চন্দ্র দাস প্রমুখ। স্বাগত ভাষণ দেন গোমতী জেলা সাক্ষরতা সমিতির কো-অর্ডিনেটর দেবাশীষ দালাল। অনুষ্ঠানে আয়োজিত হয় মুক্ত ক্যুইজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

অমরপুরে ১২ সেপ্টেম্বর থেকে আন্ত:বিদ্যালয় নাট্যোৎসব

অমরপুর, ৮ সেপ্টেম্বর ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং অমরপুর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে আগামী ১২ সেপ্টেম্বর থেকে ৩দিন ব্যাপী অমরপুর মহকুমা ভিত্তিক আন্ত:বিদ্যালয় নাট্যোৎসব (প্রতিযোগিতা মূলক) অমরপুর পুরাতন টাউন হলে দুপুর ১২টায় শুরু হবে। এর উদ্বোধন করবেন বিধায়ক পরিমল দেবনাথ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিধায়ক ড্যানিয়েল জমাতিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জিলা পরিষদ সদস্য তরুণ পাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন তরুণ চক্রবর্তী। নাট্যোৎসবে মহকুমার ১০টি বিদ্যালয় অংশ গ্রহণ করবে। নাট্যোৎসবের সমাপ্তি দিনে হবে সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

১৩ সেপ্টেম্বর চন্ডীপুর ব্লকের ভদ্রপল্লীতে প্রশাসনিক শিবির

কৈলাসহর, ৮ সেপ্টেম্বর ।। কৈলাসহর মহকুমা প্রশাসনের উদ্যোগে চন্ডীপুর ব্লকের ভদ্রপল্লী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আগামী ১৩ সেপ্টেম্বর প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। শিবিরে মহকুমা শাসক সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ ঐ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে জনগণের সাথে মত বিনিময় করবেন। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পি আর টি সি, এস টি এবং এস সি সার্টিফিকেটের আবেদন পত্র গ্রহণ করা হবে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে প্রাণী চিকিৎসা শিবির আয়োজিত হবে। সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য মহকুমা শাসক অনুরোধ জানিয়েছেন।